



মান্নান হাই স্কুল এন্ড কলেজ

পাড়াডগার (কোনাপাড়া) যাজাবাড়ী ঢাকা-১৩৬২
Email:mannanhighschool@gmail.com
www.mhsc.edu.bd
School cord: 1134, College cord:1758

EIIN-107886

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন ও ভর্তি সম্পন্ন করার নিমিত্তে ২০২৫ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তির আবেদন আহবান করা যাচ্ছে-

প্রভাতি শাখা	১ম শ্রেণি ও ৫ম শ্রেণি (বালক ও বালিকা)
প্রভাতি শাখা	৬ষ্ঠ শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত (বালিকা)
দিবা শাখা	৬ষ্ঠ শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত (বালক)

আবেদন প্রক্রিয়াঃ

ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের <http://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk Pre-Paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

আবেদন দাখিলের সময়সীমা:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ১২/১১/২০২৪ খ্রি. সকাল ১১.০০টা।

ii) Online-এ আবেদনের শেষ তারিখ: ৩০/১১/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩০/১১/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ ৩০/১১/২০২৪ দিবাগত রাত ১২.০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

Web Application Form পূরণ এর নিয়মাবলী:

১। <http://gsa.teletalk.com.bd> ওয়েবসাইটে Browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online - এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বক্সে অবশ্যই (v) চিহ্ন দিতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID ও ছবিসহ Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে / প্রার্থীর পিতা-মাতা শতভাগ নিশ্চিত হবেন।

SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী:

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১১০/- টাকা জমা দিবেন।

২। প্রথম SMS: GSA<space>User ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ: GSA<space>ABCDEF লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS: GSA<space> YES <space> PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ: GSA<space>yes > space > 123456 লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ভর্তির আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এর আবেদন কোন অবস্থাতেই গৃহিত হবে না।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে ভর্তি সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং SMS এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাধ্যনীয়।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল লটারি এবং ফলাফল : শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবে।

মোঃ শফিকুল ইসলাম মিয়া

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)